দৈনিক খবর 113

তারিখ ... 20 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

বোমাবাজি ।। বিক্ষোভ

# উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের পরীক্ষা বাতিল ঘোষণা

।। স্টাফ রিপোর্টার ।।

বোমাবাজি ও ছাত্রদের ব্যাপক বিক্ষোভের প্রেক্ষিতে নগরীর কাকরাইলস্থ উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের চলতি বার্ষিক পরীক্ষা বাতিল করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে ছাত্রছাত্রী ও অভিভাবক মহল আতংকিত হয়ে পড়ে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে কর্তৃপক্ষ ছাত্রদের অটো প্রমোশন দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ স্কুলে মঙ্গলবার থেকে বাৎসরিক পরীক্ষা শুরু হয়। প্রথম দিন শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল বুধবার দ্বিতীয় দিন পরীক্ষা না দেয়ার দাবীতে বিক্ষুব্ধ ছাত্ররা

২-এর পাতায় দেখুন

## উইলস লিটল

প্রথম পৃষ্ঠার পর

প্রতিবাদমুখর হয়ে উঠে। বেলা ১১টা থেকে প্রায় দু'ঘন্টা স্কুল এলাকায় বোমাবাজি হয়।

জানা গেছে, স্কুলের প্রধান শিক্ষয়িত্রী সাবেক উপ-প্রধান মন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেনের স্ত্রী সালেহা খাতুনের অনুপস্থিতি ও আত্মগোপনের ফলে কর্তৃপক্ষ স্কুলের সিনিয়র শিক্ষক শাহ আলমকে প্রধান শিক্ষকের দায়িত্ব দেয়। প্রথম দিন শান্তিপূর্ণভাবে পরীক্ষায় অংশ গ্রহণ এবং দ্বিতীয় দিন ছাত্রদের পরীক্ষা বর্জনের সিদ্ধান্তের পেছনে প্রধান শিক্ষকের রদ-বদলের কারণ জড়িত রয়েছে কিনা সবার মনে এ সন্দেহ দেখা দিয়েছে।

গতকালের এ অবাঞ্ছিত ঘটনার পর কর্তৃপক্ষ জরুরী বৈঠকে পরবর্তী সব পরীক্ষা বাতিল ও অটো প্রমোশন দেয়ার সিদ্ধান্ত নিয়েছেন।